



## গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

প্লট নং-এফ-১৮/এ, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা  
আগারগাঁও, ঢাকা।

### জিটিসিএল-এর সঙ্গে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ে অংশীজনদের (Stakeholders) অংশগ্রহণে অনুষ্ঠিত ২য় অনলাইন অংশীজন সভার কার্যবিবরণী


সভাপতি	:	প্রকৌ. বুখসানা নাজমা ইছহাক ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল
তারিখ	:	০৬ জুন, ২০২৩
সময়	:	বেলা ১১.০০ ঘটিকায়
স্থান	:	জুম প্লাটফর্ম
উপস্থিত সদস্য	:	রেকর্ডেড।

- ০১। জিটিসিএল-এর সঙ্গে অংশীজনদের অংশগ্রহণে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) বিষয়ে ২য় সভা ০৬-০৬-২০২৩ তারিখ, সকাল ১১.০০ ঘটিকায় জুম প্লাটফর্মে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি, জিটিসিএল ও অন্যান্য কোম্পানির প্রতিনিধিদের অংশগ্রহণে অনুষ্ঠিত হয়। সভাপতির অনুমতিক্রমে মহাব্যবস্থাপক(প্রশাসন) জনাবা মিনা রানী রায় সভা পরিচালনা করেন। তিনি সভার আলোচ্যসূচী অনুযায়ী জিটিসিএল-এর অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সংক্রান্ত ফোকাল পয়েন্ট উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) জনাব মুহাম্মদ ইমামুল হক-কে অংশীজন সভায় উপস্থিত সকলের সম্মুখে কোম্পানির জিআরএস সংক্রান্ত হাল নাগাদ তথ্যাদি উপস্থাপনের জন্য অনুরোধ করেন।
- ০২। কোম্পানির জিআরএস সংক্রান্ত ফোকাল পয়েন্ট সভায় কোম্পানির বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় জিআরএস-এ অন্তর্ভুক্ত ৬টি কার্যক্রমের তথ্যাদি উপস্থাপন করেন। তিনি সভায় জানান যে, কোম্পানির অভিযোগ প্রতিকার বিষয়ে সকল কার্যক্রমের তথ্যাদি হালনাগাদপূর্বক কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তিনি সভায় আরও জানান যে, কোম্পানির সেবা গ্রহণকারীগণ অনলাইনে ও অফলাইনে কোম্পানিতে অভিযোগ দাখিলের সুযোগ রয়েছে। এ ছাড়াও কোম্পানির প্রধান কার্যালয়ে একটি অভিযোগ বক্স রাখা হয়েছে যা নিয়মিত মনিটরিং করা হয়। তা ছাড়া অফলাইন ও অনলাইনে প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে কোম্পানির অনিক কর্তৃক নিষ্পত্তি করা হয়, যার রিপোর্ট উদ্ধৃতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়ে থাকে।
- ০৩। পরবর্তীতে মহাব্যবস্থাপক (প্রশাসন) অনলাইন সভার নোটিশের প্রেক্ষিতে সংযুক্ত অন্যান্য কোম্পানির প্রতিনিধিদের এতদবিষয়ে মতামত কামনা করেন। এ বিষয়ে সিলেট গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিঃ (এসজিএফএল)-এর উপ-মহাব্যবস্থাপক ( কোম্পানি এ্যাফেয়ার্স) ও ফোকাল পয়েন্ট, এনআইএস কমিটি, জনাব ফরিদুল হদা জিটিসিএল কর্তৃক আজকের এ অংশীজন সভা আয়োজনের জন্য ধন্যবাদ জ্ঞাপন



করেন। সভায় তিনি সিলেট গ্যাস ফিল্ডস ও জিটিসিএল-এর মধ্যে গ্যাসের হিসাব সংক্রান্ত যে গড়মিল রয়েছে তা নিষ্পত্তির জন্য অনুরোধ করেন। এ বিষয়ে মহাব্যবস্থাপক (হিসাব) জনাব তপন কুমার সাহা সভায় জানান যে, তাদের নিকট হতে পত্র পাওয়া গেলে তা নিয়মানুযায়ী নিষ্পত্তির ব্যবস্থা নেওয়া হবে।

০৪। অতঃপর আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতির পক্ষে মহাব্যবস্থাপক (প্রশাসন) জনাবা মিনা রানী রায় অনলাইনে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক)  
ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল





অনুলিপি:

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লি:।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লি:।
- ৮। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানি লি:।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস কোম্পানি লি:।
- ১০। পরিচালক (অপারেশন), জিটিসিএল।
- ১১। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন- ইস্ট), জিটিসিএল।
- ১২। মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন- ওয়েস্ট), জিটিসিএল।
- ১৩। পরিচালক(অর্থ), জিটিসিএল।
- ১৪। মহাব্যবস্থাপক (এইচ আর) ও অনিক, জিআরএস, জিটিসিএল।
- ১৫। উপ-মহাব্যবস্থাপক ( কোম্পানি এ্যাফেয়ার্স) ও অনিক, পেট্রোবাংলা।
- ১৬। উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্ল্যানিং এন্ড মনিটরিং), জিটিসিএল।
- ১৭। প্রকল্প পরিচালক, অফ-ট্রান্সমিশন পয়েন্ট প্রকল্প, জিটিসিএল।
- ১৮। উপ-মহাব্যবস্থাপক(বোর্ড) ও ফোকাল পয়েন্ট, জিআরএস, জিটিসিএল।
- ১৯। উপ-ব্যবস্থাপক(সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জিটিসিএল।
- ২০। অফিস কপি।